

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩. ৫৩০

তারিখ: ০৫/০২/২০২৪ খ্রি.

বিষয়: ২০২৫ শিক্ষাবর্ষের নবম-দশম শ্রেণির বিষয়কাঠামো, প্রশ্নের ধরন, মূল্যায়ন নির্দেশনা, নম্বর বিভাজন ও বাংলা প্রথমপত্রের পাঠ্যসূচি এবং ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির বিষয় কাঠামো, মূল্যায়ন নির্দেশনা, নম্বর বিভাজন প্রসঙ্গে।

সূত্র: এনসিটিবি'র স্মারক নং- ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৩; তারিখ: ০৫/০২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও এনসিটিবি কর্তৃক প্রেরিত সূত্রোক্ত পত্রের আলোকে জাতীয় শিক্ষাক্রম ২০১২ এর ভিত্তিতে ২০২৫ শিক্ষাবর্ষে নবম-দশম শ্রেণির জন্য বিষয়কাঠামো, প্রশ্নের ধারা, নম্বর বিভাজন ও বাংলা প্রথমপত্রের পাঠ্যসূচি প্রণয়ন করা হয়েছে। প্রণীত বিষয়কাঠামো, প্রশ্নের ধারা, নম্বর বিভাজন অনুযায়ী ২০২৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হবে। এখানে উল্লেখ্য যে, ২০২৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষা পূর্ণাঙ্গ পাঠ্যসূচির ভিত্তিতে অনুষ্ঠিত হবে। শুধু বাংলা প্রথমপত্র বিষয়ের পরীক্ষা সংযুক্ত পাঠ্যসূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির বিষয়কাঠামো, প্রশ্নের ধারা, মূল্যায়ন নির্দেশনা, নম্বর বিভাজন, সাপ্তাহিক পিরিয়ড সংখ্যা প্রণয়ন করা হয়েছে। মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ষষ্ঠ থেকে নবম-দশম শ্রেণির শিখন এবং মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য প্রণীত বিষয়কাঠামো, প্রশ্নের ধারা, মূল্যায়ন নির্দেশনা, নম্বর বিভাজন, সাপ্তাহিক পিরিয়ড সংখ্যার কপি প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, ষষ্ঠ থেকে নবম-দশম শ্রেণির জন্য প্রণীত বিষয়কাঠামো, প্রশ্নের ধারা, মূল্যায়ন নির্দেশনা, নম্বর বিভাজন ও ২০২৭ এর এসএসসি পরীক্ষা বাংলা প্রথমপত্র বিষয়ের পাঠ্যসূচি অনুযায়ী শিখন ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) ২০২৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষার বাংলা প্রথমপত্র বিষয়ের পাঠ্যসূচি।

(২) ২০২৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষার প্রশ্নের ধরন, নম্বর বিভাজন ও মূল্যায়ন নির্দেশনা।

(৩) ২০২৫ শিক্ষাবর্ষের নবম শ্রেণির বিষয়কাঠামো।

(৪) ২০২৫ শিক্ষাবর্ষ থেকে কার্যকর ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির বিষয়কাঠামো।

(৫) ২০২৫ শিক্ষাবর্ষ থেকে কার্যকর ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির প্রশ্নের ধারা, নম্বর বিভাজন ও মূল্যায়ন নির্দেশনা।

(এস এম জিয়াউল হায়দার ছেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

বিতরণ:

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী

ইমেইল : deorajshahi@yahoo.com, ওয়েব সাইট : www.deo.rajshahi.gov.bd

স্মারক নং : জেশিঅ/রাজ/ ২০২৪ (২১)

তারিখ : ০৯.০২.২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :


১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

১। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজশাহী

সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আপনার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৫ শিক্ষাবর্ষের নবম-দশম শ্রেণির বিষয়কাঠামো, প্রশ্নের ধরন, মূল্যায়ন নির্দেশনা, নম্বর বিভাজন ও বাংলা প্রথমপত্রের পাঠ্যসূচি এবং ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির বিষয় কাঠামো, মূল্যায়ন নির্দেশনা, নম্বরের বিভাজন বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।


০৩.০২.২৫

(মোঃ আব্দুল গাফোয়র)
জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
রাজশাহী

টেলিফোন : ০২৫৮৮৫৫১১২৫০